গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিস্ফোরক পরিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.explosives.gov.bd

স্মারক নম্বর: ২৮.০৮.০০০০.০০১.১০.০২১.২২/ তারিখ:

বিষয়: বিস্ফোরক পরিদপ্তরের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদকরণ ও অনলাইন/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি এবং নিষ্পত্তি সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিস্ফোরক পরিদপ্তরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর কার্যক্রম [১.১] অনুযায়ী বিস্ফোরক পরিদপ্তরের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদপূর্বক ওয়েবসাইট (www.explosives.gov.bd) আপলোড করা হয়েছে।

০২। কার্যক্রম [২.২] অনুযায়ী ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন এবং সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ত্রৈমাসিক প্রতিবেদন এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযোজনী: বর্ণনানুযায়ী।

(মোহা: নায়েব আলী)
প্রধান বিস্ফোরক পরিদর্শক
টেলিফোন: ২২২২২৫২৫৮
ফ্যাক্স: ৯৩৫১৮২১
e-mail: dhaka@explosives.gov.bd

বাহক মারফত

সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিস্ফোরক পরিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

বিস্ফোরক পরিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে গঠিত পরিবীক্ষণ কমিটির দ্বিতীয় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২০২২) প্রতিবেদন।

পরিবীক্ষণ কমিটির কর্মকর্তাগণ:

(১) মনিরা ইয়াসমিন, উপপ্রধান বিস্ফোরক পরিদর্শক (চ.দা.)
(২) মুহাম্মদ মেহেদী ইসলাম খান, সহকারী বিস্ফোরক পরিদর্শক
(৩) সানজিদা আক্তার, সহকারী বিস্ফোরক পরিদর্শক

বিস্ফোরক পরিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে ২৬/১২/২০২২ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয় এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হয়।

আলোচনা:

সভার শুরুতেই প্রথম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়। সানজিদা আক্তার, সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা জানান যে প্রথম সভার সুপারিশ অনুসারে সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে।

প্রথম ত্রৈমাসিক সভার মন্তব্য/সুপারিশ	বাস্তবায়নে অগ্রগতি
বিভাগীয় কার্যালয়ের অনিক কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে;	বাস্তবায়ন করা হয়েছে।
জিআরএস নির্দেশিকা অনুসারে নির্দিষ্ট সময়ে অনলাইনে/অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করতে হবে;	বাস্তবায়ন করা হয়েছে।
অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।	বাস্তবায়ন করা হয়েছে।

জনাব সানজিদা আক্তার, সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা আরও জানান যে দ্বিতীয় ত্রৈমাসিকে অনলাইন জিআরএস সিস্টেমে মোট চারটি অভিযোগ পাওয়া গিয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগ চারটি নিষ্পত্তি করা হয়েছে।

অনলাইনে প্রাপ্ত অভিযোগ যাচাইয়ের জন্য গ্রহণ প্রেরণ শাখায় রক্ষিত মতামত/অভিযোগ বক্সটি কমিটির সদস্যদের উপস্থিতিতে খোলা হয় কিন্তু উক্ত বক্সে কোনো অভিযোগ পাওয়া যায়নি। মনিরা ইয়াসমিন, উপপ্রধান বিস্ফোরক পরিদর্শক (চ.দা.) বলেন অফলাইনে প্রাপ্ত অভিযোগ লিপিবদ্ধ করার জন্য কোনো রেজিস্ট্রার নেই। সেক্ষেত্রে অফলাইনে প্রাপ্ত অভিযোগ নির্ধারিত সময়ে *নিষ্পত্তির জন্য রেজিস্ট্রার তৈরি ও লিপিবদ্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।*

তিনি আরো বলেন অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর ১০ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। কার্যক্রম [২.১] অনুসারে কর্মকর্তা/ কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণটি তৃতীয় কোয়ার্টারে আয়োজন করতে হবে। তাছাড়াও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সংক্রান্ত ২য় সভাটি তৃতীয় কোর্যাটারে আযোজন করতে হবে।

কমিটির মন্তব্য/সুপারিশ

মন্তব্য/সুপারিশ	বাস্তবায়নে
অনিক কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে।	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি।
তৃতীয় কোয়াটারে জিআরএস বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি।
অংশীজনের অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি।
অনলাইনে প্রাপ্ত অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত রেজিস্ট্রার তৈরি করতে হবে।	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি।

29.12.22
সানজিদা আক্তার
সহকারী বিস্ফোরক পরিদর্শক
বিস্ফোরক পরিদপ্তর

27.12.22
মুহাম্মদ মেহেদী ইসলাম খান
সহকারী বিস্ফোরক পরিদর্শক
বিস্ফোরক পরিদপ্তর

(মনিরা ইয়াসমিন)
উপপ্রধান বিস্ফোরক পরিদর্শক, (চ.দা.)
বিস্ফোরক পরিদপ্তর